

সফল সমবায় সমিতি হিসাবে “সফল মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ”

উপজেলা: ভান্ডারিয়া

জেলা: পিরোজপুর

১। ভূমিকা: সম্পূর্ণ স্ব-উদ্বোধনে স্বাবলম্বী করা ও সমবায়ের মাধ্যমে দারিদ্র বিমোচন ও মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে পল্লী নিভূতে বিগত ১৩.০৩.১১ খ্রিস্টাব্দ সনে অত্র সমিতির সূচনা হয়। প্রতিষ্ঠা লগ্ন হতে সমিতিটি ক্রমাগত লক্ষ্য ও উদ্দেশ্যের দিকে এগিয়ে চলছে এবং বর্তমানে একটি সফল উৎপাদনমুখী সমবায় সমিতি হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে। জনাব মুহাম্মাদ আবুল হাসানাত এর ঐকান্তিক চেষ্টায় অত্র সমিতিটি প্রতিষ্ঠা করেন। তিনি বর্তমানে সমিতির সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করছেন। সমিতির নিবন্ধন নং ৫৬-পিডি, তারিখ: ১৩.০৩.২০১১ খ্রিস্টাব্দ। সমগ্র ভান্ডারিয়া উপজেলা ব্যাপি সমিতির কার্যকরী এলাকা বিস্তৃত।

২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচি: সমিতিতে বর্তমানে সদস্য সংখ্যা ১৭১ জন। সমিতিটির উদ্দেশ্য হচ্ছে সমিতির কর্ম এলাকার সকল নারীদের সমিতির আওতায় এনে স্বচেষ্টা ও আত্মনির্ভরশীলতার ভিত্তিতে সকল পরিবারের মহিলাদের যোগ্যতা ও ঐক্য অনুযায়ী পরিকল্পিতভাবে আত্ম-কর্মসংস্থান ও জীবনযাত্রার মান উন্নয়ন তথা দারিদ্র বিমোচন। নিম্ন বর্ণিত ক্ষেত্র সমূহে বিভিন্ন ধরনের ইতিবাচক কাজ সম্পাদিত হচ্ছেঃ ১। দারিদ্র বিমোচন ২। আত্ম-কর্মসংস্থান বৃদ্ধি ৩। সদস্যদের আত্ম-উন্নয়ন ৪। উদ্যোক্তা সৃষ্টি ৫। পুঁজি গঠন ৬। ঘরে ঘরে সঞ্চয় কর্মসূচী ৭। ইভটিজিং বিরোধ আন্দোলন ৮। স্যানিটেশন ৯। যৌতুক বিরোধী আন্দোলন ১০। সংগঠিত শক্তি হিসাবে নিজেদের অধিকার আদায় ১১। আর্থ-মানবতার সেবায় উৎসাহদান সম্মিলিতভাবে সৎ কাজে অংশগ্রহণ।

৩। কার্যক্রমের বর্ণনাঃ সমিতির কার্যক্রম নিভিন্নভাবে পর্যবেক্ষণ করে দেখা গেছে সদস্যদের মধ্যে কোন হিংসা বিভেদ অনৈক্য নেই। সমিতির কোন সম্পদ কেউ ব্যক্তিগত ভাবে কুক্ষিগত করা চেষ্টা করে না। এমন কি কেউ ব্যক্তি প্রয়োজনে ব্যবহার ও করেন। সমিতির স্বার্থে প্রতিটি সদস্যই এক একটি নিবেদিত প্রাণ। সমিতির বর্তমান শেয়ার মূলধন ৪০,০৫০/- টাকা। সঞ্চয় আমানত ৮,৫৯,১০৬/- টাকা। সমিতি তার নির্বাচনী এলাকায় বিভিন্ন সেবামূলক কার্যক্রম করে আসছে। সমিতির মানব কল্যাণের স্বার্থে অত্র সমিতির সদস্য ও আশে পাশের লোকজনের মধ্যে পরিবার পরিকল্পনা বিষয় উদ্বুদ্ধকরণ, সেনিটেশন বিষয়ক সচেতনতা বৃদ্ধি এবং বাল্য বিবাহ রোধ, যৌতুক রোধে তার সদস্যদের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

৪। বিগত বছর গুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনাঃ সমিতির ঋণ প্রদানের মাধ্যমে গত বছর ১,৮৫,০০০/- টাকার বিনিময় ১৫ জন সদস্যর মাঝে ক্ষুদ্র ব্যবসার জন্য ঋণ বিতরণ করা হয়। উহার মাধ্যমে এগারো টি পরিবার জীবিকা নির্বাহ করে সংসার পরিচালনা করছে।

৫। কেস স্টাডিঃ জনাব মোসাঃ বুবি আক্তার বিগত ১১ বছর যাবত প্রত্যক্ষভাবে সমিতির কর্মকান্ডের সাথে জড়িত থেকে সমিতিতে সফলতা দিকে নিয়ে যাচ্ছেন। সমবায় বিষয়ক একাধিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে সমিতি পরিচালনায় দক্ষতা অর্জন করেন। প্রশিক্ষণ লাভের ফলে সমিতির হিসাব নিকাশে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়েছে। সমিতি গঠনের মাধ্যমে সদস্যদের স্বাবলম্বী করার পাশাপাশি কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে এলাকার অর্থনৈতিক উন্নয়নে তার অনেক অবদান রয়েছে। বিশেষ করে সমিতির সভাপতি মোসাঃ বুবি আক্তার একজন উদ্যোগী নারী। তার প্রচেষ্টা ও পরিচালনায় সমিতিটি ক্রমাগত উন্নতি লাভ করছে।

৬। কিভাবে সমবায়টি সফল হলো তার বর্ণনাঃ সমিতিটি প্রতিষ্ঠার কারণে সমিতির কর্ম এলাকার সদস্যদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। সমিতি সমবায় আইন, বিধিমালা, সমিতির উপ-আইন, বিভাগীয় আদেশ- নির্দেশ প্রতিপালনে সচেষ্ট। নিয়মিত আডিট ফি (ভ্যাট সহ) সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে। এ বাবদ সমিতির কোন বকেয়া নেই। বিভিন্ন জাতীয় দিবস উদযাপনে সমিতি অংশ গ্রহণ স্বতঃস্ফূর্ত। সৎ, যোগ্য ব্যবস্থাপনা, আগ্রহী সদস্য এবং দক্ষ ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সমিতির সাফল্য অন্যতম কারণ।

৭। লভ্যাংশ বিতরণ ও সিডি এফ আদায়ঃ নিয়মিত আডিট ফি (ভ্যাট সহ) সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে। এ বাবদ সমিতির কোন বকেয়া নেই।

৮। ব্যাংক ও অন্যান্য তথ্যঃ সমিতির নামে আল আরাফা ইসলামী ব্যাংক লিঃ, ভান্ডারিয়া শাখায় একটি সঞ্চয়ী হিসাব রয়েছে। যার হিসাব নম্বর ১০৭১১২০০১৯১০৪ ; সমিতির লোনদেন উক্ত হিসাবের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে।

৯। আর্থ-সামাজিক উন্নয়নের ভূমিকাঃ আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে মহিলাদের স্ব-কর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তোলার ক্ষেত্রে সমিতিটির অবদান প্রসংশনীয়। সমিতির মাধ্যমে এ পর্যন্ত প্রায় ১৩৮ জন সদস্য স্বাবলম্বী হওয়ার পথ খুঁজে পেয়েছে। সমিতিটির নিজেস্ব মূলধন বিনিয়োগ করে আজকের অবস্থানে এসেছে। কারণ তাদের দৃশ্যমান সম্পদ নেই জামানত রাখার মত। কিন্তু সমিতিটি গরীব অসহায় সদস্যদেরকে বিনা প্রশ্নে বিশ্বাস করে ঋণ/সহায়তা দেয়। এছাড়া গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নে উপর নির্ভর করে নারীদের সংগঠিত ও উদ্বুদ্ধকরণে মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে অবদান রেখে চলছে।

১০। কর্মকাণ্ডের ছবিঃ



